# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৯১৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. দ্বিতীয় অনুচ্ছেদ - তাশাহুদ

### আরবী

وَعَن أبي هُرَيْرَة قَالَ: إِنَّ رَجُلًا كَانَ يَدْعُو بِأُصْبُعَيْهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ: «أَحِّدْ أَحِّدْ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَالْبَيْهَقِيُّ فِي الدَّعَوَاتِ الْكَبِير

### বাংলা

৯১৩-[৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি সালাতে তাশাহুদ পড়ার সময় শাহাদাতের দু’ আঙ্গুল উঠিয়ে ইশারা করতে লাগলো। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, এক আঙ্গুল দিয়েই ইশারা কর, এক আঙ্গুল দিয়েই ইশারা কর। (তিরমিযী, নাসায়ী ও বায়হাক্বী- দা’ওয়াতে কাবীর)[1]

### ফুটনোট

[1] হাসান সহীহ : তিরমিযী ৩৫৫৭, নাসায়ী ১২৭২, দা‘ওয়াতুল কাবীর ৩১৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি তাশাহুদের অধ্যায়ে এনে প্রমাণ করেছে যে, ইশারা তাশাহুদের বৈঠকেও হবে অনুরূপ নাসায়ীর হাদীস সা‘দ থেকে বর্ণিত তা প্রমাণ করে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55472

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন